গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট।
aditmari.lalmonirhat.gov.bd

বিষয় : এপ্রিল/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : জনাব জি, আর, সারোয়ার
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট।
সভার তারিখ : ৩০/০৪/২০২৩খ্রি:
সময় : সকাল- ১০.৩০ ঘটিকা
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আদিতমারী, লালমনিরহাট।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক'
সভায় অনুপস্থিতি : পরিশিষ্ট 'খ'

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী মতামত/বক্তব্য প্রদানের জন্য তিনি সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানান।

০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন : গত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনান্তে কোন সংশোধনী বা সংযোজন না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০২। উপজেলার আইন-শৃঙ্খলার সার্বিক পরিস্থিতি : সভাপতি আদিতমারী উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে আইন-শৃঙ্খলা বাহিনী, স্থানীয় জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে দায়িত্বশীল ভূমিকা পালন করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ পর্যালোচনা | ভারপ্রাপ্ত কর্মকর্তা, আদিতমারী থানা, মার্চ/ ২০২৩ মাসের অপরাধ চিত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, বিবেচ্য মাসে আদিতমারী থানায় মামলা হয়েছে কম। গত মাসের তুলনায় এ মাসে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। সভাপতি মহোদয় মামলার সংখ্যা শুন্য কোটায় নিয়ে আসার জন্য আইন শৃঙ্খলা বাহিনীকে আরও বেশী তৎপর হওয়ার জন্য অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, ছোট ছোট ছেলেমেয়েদের মোবাইল ইন্টারনেট ব্যবহারে সচেতনা বৃদ্ধি করতে হবে। অপরাধ প্রবনতা সামাজিকভাবে প্রতিরোধের জন্য ইউপি চেয়ারম্যান, স্থানীয় জনগণ এবং হাট-বাজার ইজারাদারদের সহযোগিতা কামনা করেন। উপস্থিত সদস্যবৃন্দ আদিতমারী উপজেলায় সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক বলে মন্তব্য করেন।<br>সভাপতি মহোদয় বলেন যে, নারী ও শিশু নির্যাতন রোধে স্কুল ও কলেজের শিক্ষক/ছাত্রছাত্রী, অভিভাবক এর মাধ্যমে সচেতনতা সৃষ্টি করতে হবে। স্কুল/কলেজে নিয়মিত সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য প্রোগ্রাম করতে হবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সচেতনতা বৃদ্ধি নিমিত্ত চেয়ারম্যান/মেম্বার/জনপ্রতিনিধি নিয়ে আলোচনা করতে হবে।<br>সভাপতি বলেন যে, আদিতমারী উপজেলায় স্পর্শকাতর/চাঞ্চল্যকর কোন মামলার তথ্য পাওয়া গেলে তা তাৎক্ষনিকভাবে উপজেলা নির্বাহী অফিসার/অফিসার ইনচার্জ আদিতমারী থানায় সংবাদ দেওয়ার জন্য অনুরোধ করেন। ধর্ষণ ও বাল্যবিবাহ রোধ, বিভিন্ন ধরণের অপরাধ অভিভাবক, স্কুল, কলেজের শিক্ষক/শিক্ষার্থীদের নিয়ে সচেতনতা বৃদ্ধির জন্য সভার আয়োজন করতে হবে এবং বাল্যবিবাহ/চোরাচালান প্রতিরোধ কমিটির সভা ইউনিয়ন পর্যায়ে করতে হবে। | (১) উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সংশিষ্ট সকলকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে অনুরোধ জানানো হয়। বর্তমান পরিস্থিতি নিয়ন্ত্রণে জনপ্রতিনিধিগণকে সজাগ থাকতে এবং আরো দায়িত্বশীল হওয়ার অনুরোধ করা হয়। রাষ্ট্রবিরোধী যেকোন কাজ থেকে সবাইকে বিরত রাখার জন্য অফিসার ইন-চার্জকে অনুরোধ করা হয়।<br>(২) স্কুল/কলেজের শিক্ষক/ছাত্রছাত্রী এবং অভিভাবকগণকে নিজ নিজ জায়গা থেকে সচেতন থাকার অনুরোধ করা হয় ।<br>(৩) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/তথ্যআপা/মাধ্যমিক শিক্ষা অফিসারসহ ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ/চোরাচালান প্রতিরোধ কমিটির সদস্য এবং সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | (১) অফিসার ইনচার্জ, আদিতমারী থানা এবং জনপ্রতিনিধি।<br>(২) চেয়ারম্যান এবং আইন-শৃঙ্খলা কমিটির সকল সম্মানিত সদস্য।<br>(৩) চেয়ারম্যান, বাল্যবিবাহ/চোরাচালান প্রতিরোধ কমিটির সকল সম্মানিত সদস্য। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | ইউনিয়ন আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার পরিকল্পনা গ্রহণ ও কার্যসম্পাদন | সভাপতি বলেন যে, জনপ্রতিনিধিদের নিজের থেকে সচেতনতা বৃদ্ধি করতে হবে প্রয়োজনে বাড়ী বাড়ী গিয়ে অপরাধের খোঁজ খবর নিতে হবে। তিনি আরো বলেন যে, সচেতনতা বৃদ্ধিকল্পে শিক্ষক ও শিক্ষার্থীর মাধ্য কমপক্ষে প্রতিমাসে ০১টি ইউনিয়ন এবং উপজেলা পর্যায়ে সভা করতে হবে। জঙ্গিবাদ যেকোন ধর্মের হোক না কেন তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত সভা করে কার্যবিবরণীর হার্ডকপি ও প্রয়োজনে ই-মেইলের মাধ্যমে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়। | (১) ইউপি চেয়ারম্যানগণকে নিয়মিতভাবে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান করতে এবং কার্যবিবরণী যথাসময়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান/ইউপি সচিব, সকল ইউপি, আদিতমারী। |
| | | (২) ইউনিয়ন পরিষদের ওয়ার্ড পর্যায়ে আইন-শৃঙ্খলা কমিটির কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন ও পেন্ডিং মামলার দ্রুত ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট সভাসমূহ নিয়মিত আয়োজনপূর্বক কার্যবিবরণী জেলা প্রশাসকের কার্যালয় এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর যথাসময়ে প্রেরণের বিষয়ে আলোকপাত করা হয়। | (২) ইউনিয়ন পরিষদের ওয়ার্ড পর্যায়ে আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটির কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন ও পেন্ডিং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করে নিয়মিতভাবে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | (২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আদিতমারী থানা/সকল ইউপি চেয়ারম্যান। |
| ০৩ | গ্রাম আদালত | সভায় এ্যাক্টিভেটিং ভিলেজ কোর্ট শীর্ষক প্রকল্পের সহায়তায় গ্রাম আদালতের বিচারিক কার্যক্রমের বিষয়ে গুরুত্ব দেয়া হয় এবং মামলার নথি প্রস্তুত পূর্বক কার্যক্রম গ্রহণ করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ জানান যে, গ্রাম আদালতে বিচারিক কার্যক্রম ধারাবাহিকভাবে অব্যাহত রাখতে যে খরচ হয় সেটা বহন করা তাদের পক্ষে সম্ভব নয়। তাই আর্থিক সহযোগিতার আহবান জানান। আরো জানান যে বীট পুলিশিং এর কারণে গ্রাম আদালতের মামলা কমে গেছে। | উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানগণের লিখিতভাবে আর্থিক বিষয়টি উল্লেখ করার জন্য বলা হলো। পুলিশকে আরো যত্ন সহকারে কাজ করার জন্য অনুরোধ করা হয়। | (১) চেয়ারম্যান/ ইউপি সচিব (সকল ইউপি), আদিতমারী ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, আদিতমারী থানা। |
| ০৪ | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিবেচ্য মাসে নারী নির্যাতন সংক্রান্ত কোন অভিযোগ নেই। নিয়মিত উঠান বৈঠক ও প্রশাসন, ইউনিয়ন জনপ্রতিনিধিদের সাথে সার্বক্ষনিক যোগাযোগ করা হয়।<br>সভাপতি ইউনিয়ন পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভায় বিস্তারিত আলোচনাক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। এছাড়া প্রতিটি স্কুলে যৌন হয়রানি ও বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি সচল রাখার বিষয়ে আলোকপাত করা হয়। | উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা প্রতিমাসে অন্তত ০২টি করতে হবে এবং সভার কার্যবিবরণী যথাসময়ে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ নিশ্চিত করতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | (১) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী<br>(২) ইউনিয়ন পর্যায়ের নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সকল সম্মানিত সদস্য। |
| ০৫ | মানব পাচার প্রতিরোধ | মানব পাচার প্রতিরোধ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মানব পাচার রোধে কমিউনিটিং মিটিং, বাল্যবিবাহ, কাউন্টার ট্রাকিং, সিসি মিটিংসহ বিভিন্ন ধরনের সচেতনতামুলক কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি বলেন যে, মানব পাচার নিয়ে বর্তমানে অনেক এনজিও ও সরকারি দপ্তর কাজ করায় এর প্রভাব অনেকটা কমছে। মানব পাচার রোধে পুলিশকে সংগে নিয়ে কাজ করতে হবে। | মানব পাচার প্রতিরোধকল্পে সর্বদা সজাগ থাকার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, আদিতমারী থানাকে অনুরোধ করা হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, আদিতমারী থানা। |
| ০৬ | জেলা আইন-শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | সভাপতি বলেন যে, জেলা আইন শৃংখলা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক<br>১) বিভিন্ন অফিস ও গুরুত্বপূর্ণ স্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন করার জন্য পত্র দিতে হবে এবং সিসি ক্যামেরায় প্রয়োজনীয় ব্যাকআপ থাকতে হবে।<br>২) উপজেলায় স্থাপিত জাতির জনকের ভাস্কর্যের ম্যুরাল রক্ষায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে। | উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় সকল দপ্তরে সিসি ক্যামেরা স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং জাতির জনকের ম্যুরাল রক্ষায় নিরাপত্তার জন্য আনসার সদস্য ও ভারপ্রাপ্ত কর্মকর্তা আদিতমারী থানাকে অনুরোধ করা হয়। | (১) সকল দপ্তর ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, আদিতমারী থানা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | অপরাধী ও সমাজবিরোধী চিহ্নিত করা এবং অপরাধীদের নিয়ন্ত্রণে রাখার জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ ও যথোপযুক্ত পরিকল্পনা গ্রহণসহ ব্যবস্থা গ্রহণ | আদিতমারী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। পাবলিক প্লেজে ধুমপান বন্ধ করতে হবে। প্রয়োজনে মোবাইল কোর্ট করা হবে। মন্দির, মসজিদে বাল্যবিবাহ/মাদক বিরোধী আলোচনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী বলেন যে, আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলকে সংঘবদ্ধভাবে কাজ করতে হবে। যাতে করে কোন প্রকার বিশৃঙ্খলার সৃষ্টি না হয়।<br>সভাপতি বলেন যে, আইন-শৃঙ্খলা বাহিনীসহ সবাইকে নিজ নিজ স্থান থেকে সতর্ক থাকতে হবে। তিনি আরো বলেন যে, আইনের মাধ্যমে সকল অপরাধীর শাস্তির ব্যবস্থা করতে হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও কর্মকর্তাগণের মাধ্যমে মাদক থেকে উদ্ধার পাওয়ার বিষয়ে সেমিনার করতে হবে। যত্রতত্র মেডিসিন বিক্রয় বন্ধ করার উপর গুরুত্বারোপ করেন। | (১) আদিতমারী উপজেলায় আইন শৃংখলা রক্ষাসহ অপরাধ দমনে পুলিশের টহল ব্যবস্থা আরও জোড়দারসহ নজরদারী বৃদ্ধি করতে অনুরোধ জানানো হয়।<br>(২) আদিতমারীতে যাতে কোন প্রকার অপ্রীতিকর ঘটনা না ঘটে সে দিকে বিশেষ নজর রাখতে হবে।<br>(৩) সকল সরকারি দপ্তরের কর্মকর্তাবৃন্দ ও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মাধ্যকে সেমিনার করহে হবে। | (১)ভারপ্রাপ্ত কর্মকর্তা, আদিতমারী থানা।<br>(২)জন প্রতিনিধি, আইন-শৃঙ্খলা বাহিনী, চেয়ারম্যান (সকল) ইউ,পি<br>(৩)সকল দপ্তরের কর্মকর্তা আদিতমারী। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
( জি, আর, সারোয়ার )
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট।

স্মারক নং- ০৫.৪৭.৫২০২.০০১.০৬.০০৫.২২- ৪৭৬ তারিখ: ৩০/০৪/২০২৩খ্রিঃ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। জেলা প্রশাসক, লালমনিরহাট।
২। পুলিশ সুপার, লালমনিরহাট।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
৫। উপজেলা ............................................................. অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
৬। চেয়ারম্যান .................................................. (সকল) ইউ.পি, আদিতমারী, লালমনিরহাট।

৩০.০৪.২৩

( জি, আর, সারোয়ার )
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট।